

১ম বর্ষ অনার্স ভর্তি বিজ্ঞপ্তি (২০১৬-২০১৭)

তারিখঃ ০১/১১/২০১৬খ্রিঃ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ইডেন মহিলা কলেজে নির্বাচিত শিক্ষার্থীদের মনোনয়নপ্রাপ্ত বিষয়ে ১ম মেধা তালিকানুযায়ী ভর্তির তারিখ : ০২/১১/২০১৬ হতে ১০/১১/২০১৬ তারিখ পর্যন্ত।

- ❖ ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে আবেদনপত্রের রোল নম্বর ও পিন কোড সঠিকভাবে এন্ট্রি করে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd/admission) লগইন করতে হবে।
- ❖ এক্ষেত্রে শিক্ষার্থীর নাম, মনোনয়নপ্রাপ্ত বিষয় ও অন্যান্য তথ্যসহ একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে। কোন শিক্ষার্থী বিষয় পরিবর্তনে আগ্রহী হলে নির্দিষ্ট ঘরে **Yes** দিতে হবে।
- ❖ সকল তথ্য পূরণ করার পর ভর্তি ফরমটি A4 সাইজ অফসেট সাদা কাগজে কলেজ কপি ও স্টুডেন্টস কপি এক কপি করে প্রিন্ট করে সেমিনার ফি (যার জন্য যা প্রযোজ্য) ও মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষার মূল নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ড মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দিতে হবে। ভর্তি কমিটি কর্তৃক প্রেরিত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকার সাথে জমাকৃত ফরমটি মেলানোর পর সেমিনার ফি জমা নিতে হবে।
- ❖ ০৪ বছরের সেমিনার ফি বাবদ বিজ্ঞান বিভাগসমূহে ৫৫০ টাকা হারে মোট=২২০০/- টাকা এবং মানবিক ও ব্যবসায় শিক্ষায় ৪০০/- টাকা হারে মোট=১৬০০/- টাকা জমা দিতে হবে। এছাড়া **SureCash**—এ নিম্নলিখিত হারে টাকা জমা দিতে হবে।


SureCash - এ ভর্তি ফিস জমা দেওয়ার বিবরণ


শাখার নাম	টাকার পরিমাণ
বি.এ./বি.এস.এস/বি.বি.এ (সকল বিষয়)	২৮৪৫/-
উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি ও প্রাণিবিদ্যা	২৯৪৫/-
ভূগোল ও পদার্থবিজ্ঞান	২৯৯৫/-
রসায়ন ও গণিত	৩০৪৫/-

- ❖ শিওরক্যাশে টাকা জমা দেওয়ার নিয়ম: *২৫৭# এ ডায়াল করে EDENH(পেমেন্ট কি-ওয়ার্ড) টাইপ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদনপত্রের ৭ ডিজিটের রোলনম্বর (**Student ID**) ও ক্লাসরোল দিয়ে ভর্তি ফিস জমা দিতে হবে।
Sure Cash Help Line: 09606060607

➤ **SureCash** - এ টাকা জমা দেওয়ার পর ডাউনলোডকৃত ফরমের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দিতে হবে:

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমানের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- তিন কপি পাসপোর্ট সাইজ এবং তিন কপি স্ট্যাম্প সাইজ ছবি।
- বিভাগে সেমিনার ফি ও মূল কাগজপত্র জমা দেওয়া এবং বিভাগীয় রোল নম্বর পাওয়ার পর শিক্ষার্থী শিওরক্যাশে টাকা জমা দিবে। শিওরক্যাশ কর্তৃক ইস্যুকৃত **Transaction** নম্বর ফরমের উপরে লিখতে হবে। দাখিলকৃত ভর্তি ফরমে প্রদর্শিত ছবি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রোল, শিক্ষা বোর্ড, **GPA** ও জন্ম তারিখ-নম্বরপত্রের সাথে মিলিয়ে দেখতে হবে।
- শিওরক্যাশ কর্তৃপক্ষ প্রতিদিনের গৃহিত অর্থ ও শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট বিভাগে ও ভর্তি কমিটির নিকট ই-মেইল যোগে প্রেরণ করবে।
- সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আবেদনপত্রের রোল নম্বর শিওরক্যাশের প্রেরিত তালিকার সাথে মেলানো ও তথ্যাদি যাচাই বাছাই করার পর বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষ মহোদয় ভর্তি ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।
- স্বাক্ষরিত ফরমসমূহ মেধাক্ষোর অনুযায়ী প্রতিদিন বেলা ২.০০ টার সময় ভর্তি নিয়ন্ত্রক কক্ষে প্রেরণ করতে হবে।
- স্বাক্ষরিত ফরম ২সেট ফটোকপি করে মূলফরমসহ মোট তিন সেট সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়ার সঙ্গে সঙ্গে ভর্তির কার্যক্রম শেষ হবে।
- সংশ্লিষ্ট বিভাগ ভর্তি ফরমের ১সেট ভর্তি কমিটির নিয়ন্ত্রণ কক্ষে, ১সেট কলেজ অফিসে (ক্যাশ শাখায়) জমা দিবে এবং ১সেট (মূল ফরম) বিভাগে সংরক্ষণ করবে।
- বিভাগের ভর্তি কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও সেমিনার সহকারি ১ম মেধা তালিকায় ভর্তির শেষদিন ১২/১১/২০১৬ তারিখে ভর্তি কমিটিকে অবহিত করে কলেজ ত্যাগ করবেন।
- প্রত্যেক শিক্ষার্থীর পূর্ণ ৭ ডিজিটের ক্লাস রোল নম্বর ভর্তি ফরমের নির্ধারিত স্থানে লিখতে হবে।


অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।


আহ্বায়ক
০২.১১.২০১৬
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি (২০১৬-২০১৭)
ইডেন মহিলা কলেজ, ঢাকা।